

আত-তাওবা | At-Tawba | التَّوْبَةُ

আয়াতঃ ৯ : ৫৩

আরবি মূল আয়াত:

قُلْ أَنْفِقُوا طَوْعًا أَوْ كَرْهًا لَنْ يُتَقَبَلَ مِنْكُمْ [؟] إِنَّكُمْ كُنْتُمْ قَوْمًا فَسِقِينَ

﴿৫৩﴾

অনুবাদসমূহ:

বল, 'তোমরা খুশি হয়ে দান কর অথবা বাধ্য হয়ে, তোমাদের থেকে তা কখনো গ্রহণ করা হবে না। নিশ্চয় তোমরা হচ্ছে ফাসিক কওম। — আল-বায়ান

বল, 'স্বেচ্ছায় দান কর আর অনিচ্ছায়, তোমাদের থেকে কক্ষনো তা গ্রহণ করা হবে না; তোমরা হলে এক ফাসিক সম্প্রদায়।' — তাইসিরুল

তুমি বলঃ তোমরা সন্তুষ্টির সাথে ব্যয় কর কিংবা অসন্তুষ্টির সাথে, তোমাদের পক্ষ থেকে তা কক্ষণই গৃহীত হবে না; নিঃসন্দেহে তোমরা হচ্ছে আদেশ লংঘনকারী সম্প্রদায়। — মুজিবুর রহমান

Say, "Spend willingly or unwillingly; never will it be accepted from you. Indeed, you have been a defiantly disobedient people." — Sahih International

৫৩. বলুন, তোমরা ইচ্ছাকৃত ব্যয়কর অথবা অনিচ্ছাকৃত, তোমাদের কাছ থেকে তা কিছুতেই গ্রহণ করা হবে না; নিশ্চয় তোমরা হচ্ছে ফাসিক সম্প্রদায়।

তাফসীরে জাকারিয়া

(৫৩) তুমি (আরো) বলে দাও, 'তোমরা সন্তুষ্টির সাথে ব্যয় কর কিংবা অসন্তুষ্টির সাথে, তোমাদের পক্ষ থেকে তা কখনই গৃহীত হবে না; [1] নিঃসন্দেহে তোমরা আদেশ লংঘনকারী সমাজ।'

[1] أَنْفِقُوا আদেশসূচক ক্রিয়া। কিন্তু এখানে শর্ত ও জাযার অর্থে ব্যবহার হয়েছে। অর্থাৎ, যদি তোমরা ব্যয় কর, তাহলে তা গ্রহণযোগ্য হবে না। কিম্বা এখানে আদেশ খবরের অর্থে এসেছে। উদ্দেশ্য হল, উভয় কর্মই সমান; ব্যয় কর অথবা না কর। তোমরা সন্তুষ্টির সাথে আল্লাহর রাস্তায় খরচ করলেও তা অগ্রহণযোগ্য। কেননা, তা গ্রহণযোগ্য হওয়ার জন্য শর্ত হল ঈমান। আর সেটাই তোমাদের মাঝে নেই। পক্ষান্তরে অসন্তুষ্টির সাথে খরচ করা মাল এমনিতেই আল্লাহর কাছে প্রত্যাখ্যাত। কেননা, এখানে সঠিক উদ্দেশ্য বিদ্যমান নেই, যা কবুল হওয়ার জন্য

জরুরী। এই আয়াতটি সেইরূপ যে রূপ আল্লাহ পাক বলেন, {اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ} “তুমি তাদের জন্য ক্ষমা প্রার্থনা কর অথবা না কর।” (সূরা তাওবাহ ৮০ আয়াত) অর্থাৎ, উভয়ই সমান।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1288>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন